

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
www.pdbf.gov.bd

স্মারকঃ পিডিবিএফ/ইনো. টিম/২০১৫/১৯৮৬

তারিখঃ ০৬/০৮/২০১৭ খ্রিঃ

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের ৬ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

০৬/০৮/২০১৭ তারিখে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের সভা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত করেন পিডিবিএফ এর চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ সহিদ হোসেন সেলিম। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" তে দৃষ্টব্য।

২। উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচিত বিষয়-১ংঃ পূর্বের সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

পূর্বের সভার কার্যবিবরণীটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তা' নিশ্চিতকরণ করা হয়।

আলোচিত বিষয়-২ংঃ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

উক্ত সভার মূল প্রতিপাদ্য বিষয় ছিল যুগোপযোগী উন্নবন্নী ধারনার মাধ্যমে দুত-সাশ্রয়ী ও মানসম্পন্ন উপায়ে প্রাতিষ্ঠানিক ও আর্থিক কার্যক্রম পর্যবেক্ষণের মাধ্যমে অনিয়ম হ্রাসকরণ এবং উন্নত সেবা নিশ্চিতকরণ। সংশ্লিষ্ট বিষয়ে চিফ ইনোভেশন অফিসার আর্থিক কার্যক্রমে অনিয়ম হ্রাসকরণের জন্য পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীর বায়োমেট্রিক তথ্য সংযুক্ত করার বিষয়ে বিশেষ গুরুত্ব প্রদান করেন।

এছাড়াও প্রাতিষ্ঠানিক পরিচালনা ব্যায় হ্রাস, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং হ্রাসকৃত সার্ভিস চার্জ প্রদানের মাধ্যমে পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীর জীবনমানের আধুনিকায়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে তথ্যপ্রযুক্তির প্রয়োগের বিষয়ে আলোকপাত করা হয়।

উক্ত সভায় সবাই একমত প্রকাশ করেন যে, তথ্যপ্রযুক্তির যথাযথ প্রয়োগ সম্ভব হলে পিডিবিএফের প্রায় ১২ লক্ষ সুফলভোগী পরিবারকে ন্যূনতম সার্ভিস চার্জের বিপরীতে উন্নততর সহায়ক সেবা প্রদান করা সম্ভব, যা বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে।

এছাড়াও আলোচকগন ইউনিকোডের ব্যবহার, ডিজিটাল নথি ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

- ০১। ডিজিটাল নথি ব্যবহার নিশ্চিতকরণ।
- ০২। মন্ত্রণালয়ের সাথে পিডিবিএফ এর যোগাযোগের ক্ষেত্রে ইউনিকোডের ব্যবহার নিশ্চিতকরণ।
- ০৩। পিডিবিএফ এর Management Trainee প্রশিক্ষণে Innovation Module অন্তর্ভুক্তকরণ।
- ০৪। পিডিবিএফ এর ওয়েব সাইটটি বাংলা এবং ইংরেজী উভয় ভাষায় প্রকাশ তরান্নিতকরণ।
- ০৫। আইসিটি নীতিমালা ২০১৫ অনুযায়ী প্রতি তিন মাস পর পর পিডিবিএফ এর আইটি কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ।

০৩। বিবিধঃ

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সাহিদ হোসেন সেলিম)
অতিরিক্ত পরিচালক, তথ্য প্রযুক্তি
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
এবং
চিফ ইনোভেশন অফিসার